

শ্রদ্ধা ও ভালবাসায় মধ্য দিয়ে অস্ট্রেলিয়া ছাত্রলীগের জাতীয় শোক দিবস পালিত



গত ১৫ই আগস্ট যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে বাংলাদেশ ছাত্রলীগ অস্ট্রেলিয়া শাখা পালন করেছে জাতির মহান নায়ক জাতির পিতা সর্বকালের শ্রেষ্ঠ সন্তান জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৩৫তম শাহাদাৎ বার্ষিকি। অনুষ্ঠানটি অনুষ্ঠিত হয় ৬১ বোটারি রোড, আলেকজেন্ডারিয়া, সিডনি, অস্ট্রেলিয়া।

অস্ট্রেলিয়া ছাত্রলীগের সভাপতি সরদার বেলাল হোসেন এর সভাপতিত্বে ও যুগ্ম সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম রুবেল এর পরিচালনায় অনুষ্ঠানটি যথাযথ মর্যাদায় পালন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাংলাদেশ ছাত্রলীগ অস্ট্রেলিয়া শাখার সকল নেতা নেত্রী বৃন্দ ও অস্ট্রেলিয়া বসবাসরত কয়েক শত ছাত্র-ছাত্রী বৃন্দ। অনুষ্ঠানের শুরুতেই সবাই দাড়িয়ে নিরবতা

পালন করা হয় ও পরে জাতির জনকসহ ১৫ আগস্টের নিহতদের রুহের মাগফেরাত কামনা করা হয়।

অনুষ্ঠানে উপস্থিত ছাত্র অতিথি বৃন্দ থেকে বক্তব্য রাখেন জনাব প্রান্তিক রহমান। তিনি বলেন সফল বাংলাদেশ এর জন্য সফল মানুষ মুজিব। তার আদর্শকে আমরা বাস্তবায়ন কোরবো। এরপরে একে একে বক্তৃতা রাখেন অস্ট্রেলিয়া ছাত্রলীগের মূল নেতা বৃন্দ।



সাবেক ছাত্রলীগ তুরাগ থানার যুগ্ম আহ্বায়ক ও অস্ট্রেলিয়া ছাত্রলীগের ত্যাগী নেতা এস. আই. রুবেল চৌধুরী তার বক্তব্যে যুদ্ধাপরাধীর সূষ্ঠ বিচার দাবী জানান ও বাংলাদেশ ছাত্রলীগকে সুসংগঠিত করার জন্য আহ্বান জানান। অস্ট্রেলিয়া ছাত্রলীগের সহ-সভাপতি মারুফ মোর্শেদ জুয়েল তার বক্তব্যে এস. আই. রুবেল এর বক্তব্যের সুরকে কেন্দ্র কণ্ডে তিনিও যুদ্ধাপরাধীর বিচার দাবী করেন এবং মুজিব আদর্শ সাংগঠনকে শক্তিশালি করার জন্য আহ্বান জানান। অস্ট্রেলিয়া ছাত্রলীগের সিনিয়র সহ-সভাপতি মঈদুজ্জামান সূজন তার বক্তব্যে উল্লেখ করেন ১৫ই আগস্ট বাঙালি জাতির জন্য কলঙ্কিত অধ্যায় ও তিনি ৫২, ৬৬, ৬৯, ৭০, ৭১ এর সাধীনতা যুদ্ধে ছাত্রলীগের ভূমিকার কথা তুলে ধরেন। অস্ট্রেলিয়া ছাত্রলীগের সাধারণ সম্পাদক অপু সরোয়ার তার বক্তব্যে প্রশান্ত মহাসাগরের পাড়ে বসে ও ছাত্রলীগ করার জন্য সকল ছাত্র-ছাত্রী বৃন্দকে ধন্যবাদ জানান। সমাপনী বক্তব্যে অস্ট্রেলিয়া ছাত্রলীগের সভাপতি সরদার বেলাল হোসেন সবাইকে উপস্থিত হওয়ার

জন্য ধন্যবাদ জানান।



অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন ছাত্রলীগ নেতা শামসুল আলম আনিস, ত্যাগী নেত্রী আবিদা পারভিন লিজা, প্রান্ত রহমান, হাব্বুনুর রশিদ, মো: রতন, সুদীপ্ত দাস, সাহেদ চৌধুরী , মাহাবুব রহমান, আহমেদ বাবর, মো: আবু কায়সার ও তনিয়া বেগম সহ কয়েক শত ছাত্রলীগ কর্মী বৃন্দ।

অনুষ্ঠানে নৈশভোজের মধ্যমে সমাপ্তি ঘোষণা করা হয়।